



তথ্যবিবরণী

নম্বর-২৭৯

## কাল পবা ও মোহনপুর উপজেলা পরিষদ নির্বাচন

রাজশাহী, ১৪ জ্যৈষ্ঠ (২৮ মে) :

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের তৃতীয় ধাপে আগামীকাল (বুধবার) পবা ও মোহনপুরে ভোট অনুষ্ঠিত হবে। দুটি উপজেলাতেই ব্যালট পেপারে ভোট গ্রহণ করা হবে। ভোট গ্রহণ চলবে সকাল ৮টা থেকে বিরতিহীভাবে বিকাল ৪টা পর্যন্ত।

পবা উপজেলার ৮৪টি ভোট কেন্দ্রে মোট বুথের সংখ্যা ৬২৬ টি। এ উপজেলায় মোট ভোটার ২ লক্ষ ৬০ হাজার ৮৩৬ জন, যার মধ্যে পুরুষ ভোটার ১ লক্ষ ৩০ হাজার ৯০৪ জন এবং নারী ভোটার ১ লক্ষ ২৯ হাজার ৯২৯ জন। এছাড়া ৩ জন হিজড়া ভোটার রয়েছে।

পবা উপজেলাতে চেয়ারম্যান পদে ৬ জন, ভাইস চেয়ারম্যান পদে ৮ জন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ৪ জন প্রতিদ্বন্দ্বিতা করছেন।

অন্যদিকে মোহনপুর উপজেলায় ৪৫টি কেন্দ্রের ৩৪৬ টি বুথে ভোট গ্রহণ করা হবে। এ উপজেলাতে ১ লক্ষ ৪৫ হাজার ৫৪৩ জন মোট ভোটারের মধ্যে ৭২ হাজার ৭০৪ জন পুরুষ এবং ৭২ হাজার ৮৩৯ জন মহিলা ভোটার রয়েছে। এখানে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা চেয়ারম্যানের প্রতিটি পদেই ৫জন করে প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

.....  
তৌহিদ/আতিক/রুহুল/২০২৪/১৬:৩০ ঘ.